

২০২৩

বাংলা

(সাম্মানিক)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

ষষ্ঠ সেমেষ্টার

কোর্স কোড : BENG-H-CC-T-13

(বাংলা নাটক পাঠ)

পূর্ণমান : ৬০

সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$

- ক) ‘চাঁদ বণিকের পালা’ নাটকটির সবকটি অংশই কী নামে ছাপা হয়েছিল ? ১৯৭৪ সালে পরবর্তী অংশই বা কী নামে প্রকাশিত হয়েছিল ?
- খ) ‘চাঁদ বণিকের সব পরিচয়— যেন জলের আলপনা ?’ — বক্তা কে ? কখন বলেছেন এ কথা ?
- গ) ‘—নামিয়ে নিয়ে এসো ! এখনো পুড়ে শেষ হয়নি, এখনো জুলছে’— কে কেন কার সম্পর্কে এমন কথা বলেছে ?
- ঘ) চার বন্ধু শ্রমানে কেন এসেছিল ? সেখানে এসে তারা কী কী কাজে ব্যস্ত হয়ে পড়েছিল ?
- ঙ) বিদুরথ কে ? তাঁর স্ত্রী ও পুত্রের হত্যাসাধন কার দ্বারা সম্পন্ন হয়েছিল ?

(পরের পাতায়)

- ৫) 'কারাগার' নাটকের তৃতীয় অঙ্কের স্বপ্ন দৃশ্যটির অবতারণার কারণ কী?
- ৬) যদু বংশীয় শূরসেন কে ছিলেন? 'কারাগার' নাটকের কাহিনিতে তাঁর চরিত্রের কী ভূমিকা ছিল?
- ৭) 'চাঁদ বণিকের পালা' নাটকের দ্বিতীয় পর্বের কাহিনিতে কী কী ঘটনা প্রাধান্য পেয়েছে?
- ৮) 'ব্যাটা তুই ফেউয়ের দালাল' — 'চাঁদ বণিকের পালা' নাটকে কে কাকে এই কথা বলেছে?
- ৯) 'পাগলা ঘোড়া' নাটকে কোন্ সাহিত্যিকের কথা বলা হয়েছে? কোন্ প্রসঙ্গে এবং কেন সেই সাহিত্যিকের নাম উল্লেখিত হয়েছে?
- ১০) "কেউ যাব না স্বর্গে রাজা
নরক ভরা হাজার মজা"।
কোন্ নাটকের গান? গানটি কারা কোথায় গেয়েছিল?
- ১১) 'পাগলা ঘোড়া' নাটকটির রচনাস্থল কোথায়? কোন্ নাট্যগোষ্ঠী কার নির্দেশনায় নাটকটি প্রথম মঞ্চস্থ করে?
- ১২) 'চাঁদ বণিকের পালা' নাটকে তিনটি পর্বে মোট সংগীতের সংখ্যা কত? এর মধ্যে সবথেকে বেশি গান কার কঠে আছে?
- ১৩) "তোমরাই আজ কংসের সৈন্য, তোমরাই কংসের গুপ্তচর..." — কে কাদের উদ্দেশে কেন এই কথা বলেছেন?
- ১৪) নাটকে অ্যারিষ্টটলের ত্রিভুজ কী?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 8 = 20$

- ক) 'চাঁদ বণিকের পালা' নাটকে বেহলা চরিত্রটি 'মনসামঙ্গল কাব্য' থেকে এই নাটকে কতটা নতুন রূপে নির্মিত হয়েছে?
- খ) 'টাইপ চরিত্র একেবারে'—কে কার চরিত্রকে 'টাইপ' চরিত্র বলেছেন? এই কথা বলার অর্থ কী?
- গ) 'কারাগার' নাটকে বসুদেব চরিত্রের মধ্যে দিয়ে নির্যাতিত যদু বংশের যে সংগ্রামী রূপটি ফুটে উঠেছে তা সংক্ষেপে দেখাও।
- ঘ) 'বেঁচে থাকলে সবই সম্ভব'—এই উপলক্ষ্মিটি কার? বন্ধুব্যাটির তাৎপর্য বুঝিয়ে লেখো।
- ঙ) "সমরের অর্থ হল অন্যায় সমর" —কোন নাটকের অংশ? এখানে কোন দুটি মহাকাব্যের উল্লেখ আছে? প্রসঙ্গসহ বিষয়টি বুঝিয়ে দাও।
- চ) 'কারাগার' নাটকে নাট্যকার পার্শ্ব চরিত্র নির্মাণে কেমন ভাবনা অবলম্বন করেছিলেন তা সংক্ষেপে লেখো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 2 = 20$

- ক) 'চাঁদ বণিকের পালা' নাটকের অন্যতম চরিত্র চাঁদ সদাগর এই নাটকে কীভাবে সম সময়ের অংশীদার হয়ে উঠেছেন তা আলোচনা করে দেখাও।
- খ) 'পাগলা ঘোড়া' নাটকটির মধ্যে দিয়ে নাট্যকার যে বিশেষ নাট্যরীতির প্রয়োগ করেছেন তা নাটকে কতটা সফল হয়েছে?
- গ) 'কংসের শেষ পরিণতি সুগভীর ট্রাজিক রস উদ্বেক করিয়াছে' — মন্তব্যাটির সত্যতা নিরূপণ করো।
- ঘ) 'কারাগার' নাটকের গানগুলি কাদের রচিত? এই নাটকে সংগীতের ব্যবহারের গুরুত্ব কতখানি?